শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 (Certified)

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান, চট্টগ্রাম।
web: www.pbs2.chittagong.gov.bd
e-mail: ctgpbs2@yahoo.com
Phone : 03026-56077

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ২৭.১২.১৫৭৪.৫২৯.০২.০০৮.২২. ২৭০৭ তারিখঃ ১২ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৫এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

# আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূন্য পদ পুরণের নিমিত্তে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | অফিস সেক্রেটারী | (ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৬০ (ষাট) এবং বাংলায় ৪০ (চল্লিশ) শব্দ শ্রুত লিখনের দক্ষতা থাকতে হবে।<br>(গ) প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৩৫ (পঁয়ত্রিশ)এবং বাংলায় ৩০ (ত্রিশ) শব্দ লিখার দক্ষতা থাকতে হবে।<br>(ঘ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) কম্পিউটার অপারেটর পদে সর্বশেষ ০৩ বছরের কর্মমূল্যায়ন রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>(চ) বাংলা ইংরেজী ব্যাকরণসহ বানান,বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ছ) দাপ্তরিক চিঠিপত্র ,তথ্যাদি, রির্পোট ইত্যাদি নথিভূক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(জ) দর্শনার্থীদের সাথে সৌজন্যমুলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার সক্ষমতা থাকতে হবে।<br>(ঝ)পদোন্নতির ক্ষেত্রে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |
| ০২ | লাইন টেকনিশিয়ান | (ক) লাইনম্যান গ্রেড-১ হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইনক্রু হিসাবে মোট চাকুরীকাল ১০(দশ) বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরন সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট বা বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষনাবেক্ষণ পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঙ)জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ)প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) প্রার্থীকে লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বৎসরের ন্যূনতম বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>(জ) পদোন্নতির ক্ষেত্রে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-০৮,৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে খামের উপরে পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্রে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, চাকুরীতে প্রথম ও বর্তমান পদে যোগদানের তারিখ, চাকুরীতে প্রথম ও বর্তমান পদে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ আগামী **১৭-০৫-২০২২খ্রিঃ** তারিখ সকাল ১০.০০ ঘটিকায় (অফিস সেক্রেটারী পদের) এবং সকাল ১১.০০ ঘটিকার সময় (লাইন টেকনিশিয়ান পদের জন্য) প্রার্থীগণকে স্ব শরীরে সদর দপ্তর, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রামে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

**০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্নিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) বিগত ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
(গ) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ ও ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমানপত্রের সত্যায়িত ফটোকপি ।

(ঙ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি

(চ) জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে এবং অনাপত্তি সনদ থাকতে হবে।

(জ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(ঝ) সকল কাগজপত্র এজিএম(মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। **<u>পদোন্নতির জন্য সাক্ষাতকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্নিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ</u>**

(ক) সর্বশেষ ০৩ বছরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১ বছরের মধ্যে কোন লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫ বছরের ভিতর একের অধিকবার অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪ বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩ বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত / ঘোষিত হয়েছেন।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেয়া হবে। ''চলতি দায়িত্বে'' থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা হবে।

০৫। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের মধ্যে হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল করা হবে। পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

০৬। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

০৭। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভোগলিক এলাকার (রাউজান, রাঙ্গুনিয়া, ফটিকছড়ি ও হাটহাজারী উপজেলার মাদার্শা ইউনিয়ন এর দক্ষিণ বাড়িয়াঘোনা, পশ্চিম বাড়িয়াঘোনা, খলিফাঘোনা) প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।

০৮। অত্র সমিতির কোন কর্মকর্তা/কর্মচারী বা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/ স্ত্রী অথবা রক্ত সর্ম্পকীয় কারো আবেদন করার প্রয়োজন নাই । তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

০৯। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমানিত হয়; তবে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাঁকে চাকুরীচ্যুত করা হবে।

১০। প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ ডিএ প্রদান করা হবে না।

১১। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

15/4/2022

(এম. এম.আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।</u>

০১। নির্বাহী পরিচালক,বাপবিবো,ঢাকা।

০২। পরিচালক, পবিস মনিঃ ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিনাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------- পবিস-১/২/৩/৪

০৩। ডিজিএম, রাংগুনিয়া/নোয়াপাড়া/ফটিকছড়ি/আজাদীবাজার জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরী, চট্টগ্রাম পবিস-২।

০৪। এজিএম (দাঁতমারা/ধামাইরহাট/নাজিরহাট সাব জোনাল অফিস, অর্থ (হিসাব)/ ইএন্ডসি/ এমএস/ওএন্ডএম/চট্টগ্রাম পবিস-২।

০৫। এজিএম (আইটি),চট্টগ্রাম পবিস-২ (ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশ প্রদান করা হলো)।

০৬। নোটিশ বোর্ড,চট্টগ্রাম পবিস-২

০৭। অফিস নথি ।

25/4/2022

(এম.এম. আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

I:\আন্তঃপবিস.doc